

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রোগ্রাম অফিসারের কার্যালয়  
মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)  
দৌলতপুর, কুষ্টিয়া

স্মারক নং বিএলপি/উপ্রঅ-০৪-১৮

তারিখ: ২৩/০৪/২০১৮


নিয়োগ বিজ্ঞপ্তি

মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) বাস্তবায়নের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সুপারভাইজার ও শিক্ষক নিয়োগের জন্য দৌলতপুর উপজেলা বাসিন্দাদের নিকট হতে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	যোগ্যতা
১	সুপারভাইজার	১৫টি	সর্বনিম্ন উচ্চ মাধ্যমিক পাশ
২	শিক্ষক	৬০০টি (৩০০ টি পুরুষ ও ৩০০টি মহিলা)	সর্বনিম্ন মাধ্যমিক পাশ

আবেদনের শর্তাবলী :

- ০১) আবেদন পত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, বয়স, জাতীয়তা, ধর্ম, জেভার, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করতে হবে।
- ০২) আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র, ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিক সনদ পত্র, অভিজ্ঞতার সনদ পত্র (যদি থাকে), ০৩ কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবিসহ সকল কাগজপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ০৩) শিক্ষক শিখন কেন্দ্রে সংশ্লিষ্ট ওয়ার্ডে অধিবাসী ও সুপারভাইজার সংশ্লিষ্ট ইউনিয়নের অধিবাসী হতে হবে।
- ০৪) সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক যোগ্যতা সম্পন্ন বেকার ও ইতিপূর্বে বাস্তবায়িত টিএলএম কর্মসূচীতে অংশগ্রহণকারীকে অগ্রাধিকার দেয়া হবে।
- ০৫) আবেদন পত্রে খামের উপর পদ, ওয়াড ও ইউনিয়নের নাম লিখতে হবে।
- ০৬) সফলভাবে মৌলিক শিক্ষা কোর্স সম্পন্নকারী প্রতিজন শিক্ষার্থীর জন্য শিক্ষক প্রতি মাসে ৮০/= টাকা হারে সম্মানী প্রাপ্য হবে। এ হিসাবে মাসে ৩০ জন শিক্ষার্থীর জন্য এক জন শিক্ষক প্রতি মাসে ২,৪০০/= টাকা সম্মানী পাবে।
- ০৭) প্রতি মাসে শিক্ষকের তার মাসিক সম্মানীর ৫০% অর্থাৎ ১,২০০/= টাকা প্রদান করা হবে। অবশিষ্ট সম্মানী মধ্যবর্তী বা ত্রৈমাসিক মূল্যায়ন সমাপনীর পর কৃতকার্য শিক্ষার্থীর সংখ্যার ভিত্তিতে প্রদান করা হবে।
- ০৮) সুপারভাইজারদের মাসিক সম্মানী ২,০০০/= টাকা এবং যাতায়াত ভাতা ৫০০/= টাকা। সুপারভাইজারদেরকে প্রতি মাসে ভ্রমন ভাতা এবং মাসিক সম্মানীর ৫০% অর্থাৎ ১,০০০/= টাকা সহ মোট ১,৫০০/= টাকা প্রদান করা হবে।
- ০৯) শিক্ষা কার্যক্রম শুরু হলে আর্থিক বিষয়/বেতন ভাতা প্রদান করা হবে।
- ১০) নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তকেই চূড়ান্ত বলে গণ্য করা হবে।
- ১১) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১২) মৌখিক পরীক্ষার সময় সকল সনদ পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- ১৩) আবেদন পত্রে সকল প্রার্থীর মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে। পরীক্ষা সংক্রান্ত সকল বিষয় মোবাইল এসএমএস এর মাধ্যমে অবগত করা হবে।
- ১৪) স্বহস্তে অথবা ওয়েবসাইটে ([www.bnfe.kushtia.gov.bd](http://www.bnfe.kushtia.gov.bd)) প্রদত্ত নির্ধারিত আবেদন ফরমে সভাপতি উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কমিটি, দৌলতপুর, কুষ্টিয়া বরাবর লিখিত আবেদনপত্র আগামি ১০/০৫/২০১৮ খ্রি. তারিখের মধ্যে উপজেলা প্রোগ্রাম অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া এর কার্যালয়ে ডাকযোগে অথবা সরাসরি অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।
- ১৫) নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহন করা হবে না।



মোঃ তৌফিকুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি  
উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কমিটি  
দৌলতপুর, কুষ্টিয়া